অধ্যায় ০৪

# ধর্মগ্রন্থ, পূজা-পার্বণ ও ধর্মীয় উৎসব এবং শান্তিপূর্ণ সহাবস্থান

## আলোচ্য বিষয়

▸ হিন্দুধর্মগ্রন্থ ▸ রামায়ণ ▸ মহাভারত ▸ দেব-দেবী ▸ পূজা-পার্বণ ▸ ধর্মীয় উৎসব ▸ অন্য ধর্মাবলম্বীদের ধর্মগ্রন্থ ▸ শান্তিপূর্ণ সহাবস্থান।

## অধ্যায়ের মূলকথা

প্রত্যেক ধর্মের নিজস্ব ধর্মগ্রন্থ রয়েছে। যে গ্রন্থে ধর্মের কথা থাকে তাকে ধর্মগ্রন্থ বলে। বেদ আমাদের প্রধান ধর্মগ্রন্থ। এছাড়া রয়েছে রামায়ণ, মহাভারত, শ্রীমদ্ভগবদ্গীতা, শ্রীশ্রীচণ্ডী, পুরাণ ইত্যাদি। তেমনি মুসলমান, বৌদ্ধ, খ্রিস্টান প্রত্যেক ধর্মাবলম্বীদের রয়েছে পৃথক পৃথক ধর্মগ্রন্থ। প্রতিটি ধর্মগ্রন্থেই স্রষ্টার মহিমার কথা বলা হয়েছে। হিন্দু ধর্মাবলম্বীদের ধর্মগ্রন্থে দেব-দেবীর কথা বলা হয়েছে। এছাড়াও রয়েছে অনেক ধর্মীয় কাহিনি-উপকাহিনি। আমরা দেব-দেবীর কৃপা লাভের জন্য পূজা করি। বিভিন্ন ধরনের পূজা-পার্বণে আমরা আনন্দ-উৎসবে মেতে উঠি। তেমনি অন্যান্য ধর্মাবলম্বীদের ধর্মীয় উৎসবেও আমরা একসাথে আনন্দ করি। বিভিন্ন অনুষ্ঠান উপভোগ করি। কারণ ভেদাভেদ না করে সকল ধর্মের মানুষ মিলেমিশে শান্তিপূর্ণভাবে বসবাস করার কথা সকল ধর্মেই বলা আছে। এতে আমাদের কল্যাণ হয়, সমাজে শৃঙ্খলা ও শান্তি বজায় থাকে।

## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

শিখন অভিজ্ঞতার মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব—

▣ হিন্দুধর্ম চর্চার অঙ্গ হিসেবে ধর্মগ্রন্থ, দেব-দেবী, পূজা-পার্বণ সম্পর্কে জেনে বলতে পারব এবং নিজ ধর্ম ও অন্য ধর্মাবলম্বীদের প্রতি শ্রদ্ধাশীল হয়ে বিভিন্ন উৎসব-অনুষ্ঠানে (সম্ভাব্যস্থলে) অংশগ্রহণ করে ভ্রাতৃত্ব ও শান্তিপূর্ণ সহাবস্থান করতে পারব।

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, শিখনযোগ্যতা অর্জনোপযোগী পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও গুরুত্বপূর্ণ নমুনা প্রশ্নোত্তর এ অংশে দেওয়া হলো। শিক্ষক সহায়িকায় উল্লিখিত মূল্যায়ন ক্ষেত্র ও নির্দেশনার আলোকে প্রণীত পাঠগুলো তোমাদের ধারাবাহিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

## প্রথম পরিচ্ছেদ : হিন্দুধর্মগ্রন্থ

### পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি (একক ও দলীয় কাজ) — বুঝে পড়ি ও ভালোভাবে শিখে নিই

**কাজ ১** হিন্দুধর্মের কয়েকটি ধর্মগ্রন্থের নাম লেখো। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৩৫

১. ______ ৩. ______

২. ______ ৪. ______

উত্তর : হিন্দুধর্মের কয়েকটি ধর্মগ্রন্থের নাম লেখা হলো :

১. বেদ ৩. মহাভারত

২. রামায়ণ ৪. শ্রীমদ্ভগবদ্গীতা

**কাজ ২** তিনটি করে বাক্য লেখ। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৪০


| রামায়ণ | মহাভারত |
|---|---|
| | |
| | |
| | |
| | |

**উত্তর :** রামায়ণ ও মহাভারত সম্পর্কে তিনটি করে বাক্য লেখা হলো :


| রামায়ণ | মহাভারত |
|---|---|
| রামায়ণ রচনা করেন মহর্ষি বাল্মীকি। | মহাভারত রচনা করেন কৃষ্ণদ্বৈপায়ন ব্যাসদেব। |
| রামায়ণ সাতটি ভাগে বিভক্ত। প্রত্যেক ভাগকে বলা হয় কান্ড। তাই বলা যায়, সপ্তকান্ড রামায়ণ। | মহাভারত কয়েকটি অংশে বিভক্ত। প্রত্যেক অংশকে বলা হয় পর্ব। মহাভারতের মোট পর্ব সংখ্যা আঠারোটি। |
| পিতৃসত্য পালনের জন্য রাম চৌদ্দ বছরের জন্য বনবাসে যান। সাথে যান স্ত্রী সীতা ও ভাই লক্ষ্মণ। | পাশা খেলায় হেরে শর্ত অনুযায়ী পান্ডবরা স্ত্রী দ্রৌপদীসহ বারো বছর বনবাস ও একবছর অজ্ঞাতবাসে যান। |

**কাজ ৩** যাচাই করি ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৪১


**খালি ঘরে নাম বসিয়ে রামায়ণের বর্ণিত পারিবারিক কাঠামো পূরণ করো।**





**উত্তর :** খালি ঘরে নাম বসিয়ে রামায়ণের বর্ণিত পারিবারিক কাঠামো পূরণ করা হলো :




**কাজ ৪** খালি ঘরে নাম বসিয়ে মহাভারতের বর্ণিত পারিবারিক কাঠামো পূরণ করো। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৪১




**উত্তর :** খালি ঘরে নাম বসিয়ে মহাভারতের বর্ণিত পারিবারিক কাঠামো পূরণ করা হলো :




## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ

## সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

**শোনা** শিক্ষকের নিকট শুনে লিখি

**ক** নিচের বাক্যগুলো শুনে সত্য/মিথ্যা নির্ণয় কর।

১। রামায়ণ হিন্দুধর্মাবলম্বীদের প্রধান ধর্মগ্রন্থ।
২। মহর্ষি বাল্মীকি রামায়ণ রচনা করেন।
৩। লঙ্কার রাজা ছিলেন ভরত।
৪। সীতাকে উদ্ধারের জন্য রাবণ লঙ্কায় যান।
৫। রামায়ণের মূল কাহিনি কুরু-পান্ডবের যুদ্ধ।
৬। কুরুক্ষেত্রে কৌরব ও পান্ডবদের মধ্যে যুদ্ধ হয়।
৭। ন্যায়ের জন্য যুদ্ধ করলে পাপ হয় না।
৮। বারো দিনে কুরুক্ষেত্রের যুদ্ধ শেষ হয়।
৯। কুরুক্ষেত্রের যুদ্ধ হচ্ছে ধর্মযুদ্ধ।

**উত্তরমালা :** ১। মিথ্যা; ২। সত্য; ৩। মিথ্যা; ৪। মিথ্যা; ৫। মিথ্যা; ৬। সত্য; ৭। সত্য; ৮। মিথ্যা; ৯। সত্য।

**খ** নিচের অসম্পূর্ণ বাক্যগুলো শুনে শূন্যস্থানের জন্য সঠিক শব্দটি নির্ণয় কর।


১। ——— ধর্মের কথা থাকে।
২। প্রত্যেক ধর্মের নিজস্ব ——— রয়েছে।
৩। হিন্দু ধর্মাবলম্বীদের প্রধান ধর্মগ্রন্থ ———।

৪। মহর্ষি ——— রামায়ণ রচনা করেন।
৫। রাম ——— বছরের জন্য বনবাসে গিয়েছিলেন।
৬। ——— রামকে ফিরিয়ে আনতে গিয়েছিলেন।
৭। লঙ্কার রাজা ছিলেন ———।
৮। ——— সীতাকে হরণ করেন।
৯। ——— মূল কাহিনি কুরু-পাণ্ডবের যুদ্ধ।
১০। পাণ্ডুর ছেলেদের ——— বলা হয়।
১১। কুরুক্ষেত্রে ——— ও পাণ্ডবদের মধ্যে যুদ্ধ হয়েছিল।
১২। কুরুক্ষেত্রের যুদ্ধে ——— জয়লাভ করেছিলেন।
১৩। কুরুক্ষেত্র যুদ্ধকে ——— বলেছিলেন ধর্মযুদ্ধ।
১৪। ন্যায়ের জন্য যুদ্ধ করলে ——— হয় না।
১৫। শ্রীকৃষ্ণের উপদেশ পৃথকভাবে আছে ———।
১৬। মহাভারতের কথা শুনলে ——— হয়।


**উত্তরমালা :** ১। ধর্মগ্রন্থে; ২। ধর্মগ্রন্থ; ৩। বেদ; ৪। বাল্মীকি; ৫। চৌদ্দ; ৬। ভরত; ৭। রাবণ; ৮। রাবণ; ৯। মহাভারতের; ১০। পাণ্ডব; ১১। কৌরব; ১২। পাণ্ডবরা; ১৩। শ্রীকৃষ্ণ; ১৪। পাপ; ১৫। শ্রীমদ্ভগবদ্গীতায়; ১৬। পুণ্য।

## বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

### ক নিচের ছবিগুলো দেখে নাম বল।



(ক)



(খ)

**উত্তর :**

(ক) → রাম, লক্ষণ ও সীতার বনবাস

(খ) → কুরুক্ষেত্রের যুদ্ধ

### খ নিচের প্রশ্নগুলোর উত্তর বল।

**প্রশ্ন ১। যে গ্রন্থে ধর্মের কথা থাকে, তাকে কী বলে?**
**উত্তর :** ধর্মগ্রন্থ।

**প্রশ্ন ২। হিন্দুধর্মাবলম্বীদের প্রধান ধর্মগ্রন্থের নাম কী?**
**উত্তর :** বেদ।

**প্রশ্ন ৩। রামায়ণ কে রচনা করেন?**
**উত্তর :** মহর্ষি বাল্মীকি।

**প্রশ্ন ৪। খুবই পিতৃভক্ত ছিলেন কে?**
**উত্তর :** রাম।

**প্রশ্ন ৫। রাম কত বছরের জন্যে বনবাসে গিয়েছিলেন?**
**উত্তর :** চৌদ্দ।

**প্রশ্ন ৬। লঙ্কার রাজা কে ছিলেন?**
**উত্তর :** রাবণ।

**প্রশ্ন ৭। রাবণ কাকে হরণ করেছিলেন?**
**উত্তর :** সীতাকে।

**প্রশ্ন ৮। মহাভারতের মূল কাহিনি কী?**
**উত্তর :** কুরু-পাণ্ডবের যুদ্ধ।

**প্রশ্ন ৯। কৌরব ও পাণ্ডবদের মধ্যে কোথায় যুদ্ধ হয়েছিল?**
**উত্তর :** কুরুক্ষেত্রে।

**প্রশ্ন ১০। কৌরব ও পাণ্ডবদের মধ্যে কে শান্তি স্থাপনের চেষ্টা করেন?**
**উত্তর :** শ্রীকৃষ্ণ।

**প্রশ্ন ১১। কুরুক্ষেত্র যুদ্ধকে শ্রীকৃষ্ণ কী নাম দিয়েছিলেন?**
**উত্তর :** ধর্মযুদ্ধ।

**প্রশ্ন ১২। কুরুক্ষেত্রের যুদ্ধে কারা জয় লাভ করেন?**
**উত্তর :** পাণ্ডবরা।

## পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

### ক নিচের প্রশ্নগুলো মনোযোগ সহকারে পড়ে সঠিক উত্তরটি শনাক্ত কর।

১। হিন্দুধর্মের প্রধান ধর্মগ্রন্থের নাম কী?
ক উপনিষদ  খ বেদ
গ শ্রীমদ্ভগবদগীতা  ঘ পুরাণ
**উত্তর : (খ) বেদ।**

২। রামায়ণ কে রচনা করেন?
ক মহর্ষি বাল্মীকি  খ কৃষ্ণদ্বৈপায়ন ব্যাসদেব
গ কৃত্তিবাস ওঝা  ঘ মহর্ষি রামনারায়ণ
**উত্তর : (ক) মহর্ষি বাল্মীকি।**

৩। সীতাকে উদ্ধার করতে রাম কোথায় যান?
ক দ্বারকা  খ লঙ্কা
গ মথুরা  ঘ কিষ্কিন্ধ্যা
**উত্তর : (খ) লঙ্কা।**

৪। **কে মহাভারত রচনা করেন?**
(ক) মহর্ষি বাল্মীকি (খ) কৃত্তিবাস ওঝা
(গ) কৃষ্ণদ্বৈপায়ন ব্যাসদেব (ঘ) মহর্ষি রামনারায়ণ
**উত্তর :** (গ) কৃষ্ণদ্বৈপায়ন ব্যাসদেব।

৫। **মহাভারতে কতটি পর্ব আছে?**
(ক) ষোলোটি (খ) সতেরোটি
(গ) আঠারোটি (ঘ) উনিশটি
**উত্তর :** (গ) আঠারোটি।

৬। **দুর্যোধন যুধিষ্ঠিরকে কোন খেলায় আমন্ত্রণ জানান?**
(ক) দাবা (খ) কাবাডি
(গ) পাশা (ঘ) হলি
**উত্তর :** (গ) পাশা।

৭। **কে সবার মধ্যে শান্তি স্থাপনের চেষ্টা করেন?**
(ক) শ্রীকৃষ্ণ (খ) বলরাম
(গ) যুধিষ্ঠির (ঘ) অর্জুন
**উত্তর :** (ক) শ্রীকৃষ্ণ।

৮। **কৌরব ও পাণ্ডবদের মধ্যে কোথায় যুদ্ধ শুরু হয়?**
(ক) কুরুক্ষেত্রে (খ) ধর্মক্ষেত্রে
(গ) যুদ্ধক্ষেত্রে (ঘ) রণক্ষেত্রে
**উত্তর :** (ক) কুরুক্ষেত্রে।

৯। **অর্জুনের প্রতি শ্রীকৃষ্ণের উপদেশ কী নামে পরিচিত?**
(ক) শ্রীমদ্ভগবদগীতা (খ) মহাভারত
(গ) রামায়ণ (ঘ) উপনিষদ
**উত্তর :** (ক) শ্রীমদ্ভগবদগীতা।

### ঘ নিচের প্রশ্নগুলো পড়ে সংক্ষেপে উত্তর দাও।

**প্রশ্ন ১। ধর্মগ্রন্থ কাকে বলে? পাঁচটি ধর্মগ্রন্থের নাম লেখ।**
**উত্তর :** যে গ্রন্থে ধর্মের কথা থাকে, তাকে ধর্মগ্রন্থ বলে। পাঁচটি ধর্মগ্রন্থের নাম হলো– বেদ, রামায়ণ, মহাভারত, শ্রীমদ্ভগবদগীতা ও শ্রীশ্রীচণ্ডী।

**প্রশ্ন ২। রামায়ণে 'সপ্তকাণ্ড' কী কী?**
**উত্তর :** রামায়ণে সপ্তকাণ্ড হলো– আদি, অযোধ্যা, অরণ্য, কিষ্কিন্ধ্যা, সুন্দর, যুদ্ধ এবং উত্তরকাণ্ড।

**প্রশ্ন ৩। রাম কেমন প্রকৃতির ছিলেন? তিনি কেন বনে গিয়েছিলেন?**
**উত্তর :** রাম খুবই পিতৃভক্ত ছিলেন। পিতৃসত্য পালনের জন্য তিনি বনে গিয়েছিলেন।

**প্রশ্ন ৪। রাম কত বছরের জন্য বনবাসে যান? তাঁর সাথে কারা ছিলেন?**
**উত্তর :** রাম চৌদ্দ বছরের জন্য বনবাসে যান। তাঁর সাথে ছিলেন স্ত্রী সীতা ও ভাই লক্ষ্মণ।

**প্রশ্ন ৫। রামকে ফিরিয়ে আনতে না পেরে ভরত কী করেছিলেন?**
**উত্তর :** ভরত রামের পাদুকা নিয়ে আসেন। পাদুকা সিংহাসনে রেখে তিনি রাজ্য পরিচালনা করেন

**প্রশ্ন ৬। লঙ্কার রাজা কে? তিনি কী করেছিলেন?**
**উত্তর :** লঙ্কার রাজা ছিলেন রাবণ। রাবণ বনের কুটিরে সীতাকে একা পেয়ে হরণ করেন এবং লঙ্কায় নিয়ে যান।

**প্রশ্ন ৭। সীতাকে উদ্ধারের জন্য কে, কোথায় গিয়েছিলেন?**
**উত্তর :** সীতাকে উদ্ধারের জন্য রাম লঙ্কায় গিয়েছিলেন।

**প্রশ্ন ৮। পর্ব কী? মহাভারতে কয়টি পর্ব রয়েছে?**
**উত্তর :** মহাভারতের প্রত্যেক অংশকে বলা হয় পর্ব। মহাভারতে আঠারোটি পর্ব রয়েছে।

## লেখা নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

### ক নিচের এলোমেলো শব্দগুলো সাজিয়ে সঠিক শব্দটি লেখ।

**প্রশ্ন ১।**

| | | |
|---|---|---|
| শ | কৌ | ল্যা |

**উত্তর :** কৌশল্যা।

**প্রশ্ন ২।**

| | | | |
|---|---|---|---|
| মা | ণ | রা | য় |

**উত্তর :** রামায়ণ।

**প্রশ্ন ৩।**

| | | | | |
|---|---|---|---|---|
| হা | ত | ম | র | ভা |

**উত্তর :** মহাভারত।

### খ বামপাশের বাক্যাংশের সাথে ডানপাশের বাক্যাংশ মিল করে লেখ।

| বামপাশ | ডানপাশ |
|---|---|
| ১. মহর্ষি বাল্মীকি | দশরথ। |
| ২. কৃষ্ণদ্বৈপায়ন ব্যাসদেব | শান্তনু। |
| ৩. অযোধ্যার রাজা ছিলেন | মহাভারত রচনা করেন। |
| ৪. হস্তিনাপুরের রাজা ছিলেন | রামায়ণ রচনা করেন। |
| ৫. লঙ্কার রাজা ছিলেন | মহাভারত। |
| | রাবণ। |
| | শ্রীশ্রীচণ্ডী রচনা করেন। |

**উত্তরমালা :**
১. মহর্ষি বাল্মীকি **রামায়ণ রচনা করেন।**
২. কৃষ্ণদ্বৈপায়ন ব্যাসদেব **মহাভারত রচনা করেন।**
৩. অযোধ্যার রাজা ছিলেন **দশরথ।**
৪. হস্তিনাপুরের রাজা ছিলেন **শান্তনু।**
৫. লঙ্কার রাজা ছিলেন **রাবণ।**

### গ নিচের বর্ণনামূলক প্রশ্নগুলোর উত্তর লেখ।

**প্রশ্ন ১। রামায়ণের বিষয়বস্তু কী? সংক্ষেপে বর্ণনা কর।**
**উত্তর :** রামায়ণের বিষয়বস্তু হলো পিতা দশরথের প্রতি রামের শ্রদ্ধা ও প্রতিজ্ঞা রক্ষা করা। বড় ভাই রামের প্রতি ভরতের সম্মান। রাজা হিসেবে সর্বদা প্রজাদের মঙ্গল চিন্তা করা। অধর্মের বিনাশ করা।

**প্রশ্ন ২। মহাভারতের বিষয়বস্তু কী? সংক্ষেপে বর্ণনা কর।**
**উত্তর :** মহাভারতের বিষয়বস্তু হলো অধর্ম ও অসত্যের বিরুদ্ধে ধর্ম ও সত্যের যুদ্ধ। যুদ্ধে সত্য ও ধর্মের জয় হয়। অসত্য ও অধর্মের পরাজয় হয়।

# দ্বিতীয় পরিচ্ছেদ : দেব-দেবী

## পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি (একক ও দলীয় কাজ) — বুঝে পড়ি ও ভালোভাবে শিখে নিই

**কাজ ১** নিচের শব্দগুলো দিয়ে বাক্য গঠন করো।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৪৫

| | |
|---|---|
| ত্রিশূল | |
| শিবচতুর্দশী | |
| শৈব | |
| দুর্গম অসুর | |

উত্তর :

| | |
|---|---|
| ত্রিশূল | ত্রিশূল হলো শিবের প্রধান অস্ত্র। |
| শিবচতুর্দশী | ফাল্গুন মাসের কৃষ্ণপক্ষের চতুর্দশী তিথিতে শিবপূজা করা হয়। এই তিথিকে শিবচতুর্দশী বলা হয়। |
| শৈব | শিবের উপাসকদের শৈব বলা হয়। |
| দুর্গম অসুর | দেবী দুর্গা দুর্গম নামের অসুরকে বধ করেন। |

**কাজ ২** যাচাই করি : নিচের শব্দগুলো দিয়ে বাক্য গঠন করো।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৪৬

| | |
|---|---|
| ১. ঈশ্বর যে রূপে সৃষ্টি করেন- | শিব |
| ২. ঈশ্বর যে রূপে পালন করেন- | সরস্বতী |
| ৩. ঈশ্বর যে রূপে ধ্বংস করেন- | লক্ষ্মী |
| ৪. ঈশ্বর যে রূপে বিদ্যা দান করেন- | বিষ্ণু |
| ৫. ঈশ্বর যে রূপে ধন-সম্পদ দান করেন- | ব্রহ্মা |
| | গণেশ |

উত্তর :

১. ঈশ্বর যে রূপে সৃষ্টি করেন- **ব্রহ্মা**।
২. ঈশ্বর যে রূপে পালন করেন- **বিষ্ণু**।
৩. ঈশ্বর যে রূপে ধ্বংস করেন- **শিব**।
৪. ঈশ্বর যে রূপে বিদ্যা দান করেন- **সরস্বতী**।
৫. ঈশ্বর যে রূপে ধন-সম্পদ দান করেন- **লক্ষ্মী**।

## শিক্ষক সহায়িকা অনুসরণে অতিরিক্ত অ্যাক্টিভিটি — আরও শিখে নিই

**কাজ ১** দেবী দুর্গা হলেন শক্তির দেবী। সকল শক্তির মিলিত রূপ দেবী দুর্গা। তাঁর আরেক নাম হলো দুর্গতিনাশিনী। কেন তাঁকে দুর্গতিনাশিনী বলা হয়?

নিচের তথ্যগুলো অনুসরণ করে দেবী দুর্গার বর্ণনা উপস্থাপন কর।

▸ সূত্র : শিক্ষক সহায়িকা: পাঠ্যবই, পৃষ্ঠা ৪৪




উত্তর : দেবী দুর্গা জীবের দুর্গতি তথা বিপদ নাশ করেন। তাই দেবী দুর্গাকে দুর্গতিনাশিনী বলা হয়।

উল্লিখিত তথ্যের ভিত্তিতে দেবী দুর্গার বর্ণনা উপস্থাপন করা হলো—



## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ — সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**ক নিচের বাক্যগুলো শুনে সত্য/মিথ্যা নির্ণয় কর।**

১। ঈশ্বর এক এবং দ্বিতীয়।
২। দেবদেবী ঈশ্বরের নিরাকার রূপ।
৩। ঈশ্বর যে রূপে সৃষ্টি করেন তাঁর নাম ব্রহ্মা।
৪। দুর্গা ধন-সম্পদের দেবী?
৫। সরস্বতী বিদ্যার দেবী?
৬। শিব শক্তির দেবতা।
৭। শিবের উপাসকেরা শৈব নামে পরিচিত।
৮। দুর্গা দুর্গম নামে এক অসুরকে বধ করেন।
৯। 'দুর্গা দুর্গা' বলে যাত্রা করলে যাত্রা শুভ হয়।
১০। দুর্গাপূজার গীতা পাঠ করা হয়।

**উত্তরমালা :** ১। মিথ্যা; ২। মিথ্যা; ৩। সত্য; ৪। মিথ্যা; ৫। সত্য; ৬। মিথ্যা; ৭। সত্য; ৮। সত্য; ৯। সত্য; ১০। মিথ্যা।

**খ নিচের অসম্পূর্ণ বাক্যগুলো শুনে শূন্যস্থানের জন্য সঠিক শব্দটি নির্ণয় কর।**

১। দেব-দেবী ঈশ্বরের ——— রূপ।
২। দেব-দেবীর মধ্য দিয়েই ——— শক্তির প্রকাশ ঘটে।
৩। ——— শক্তির দেবী।
৪। সরস্বতী ——— দেবী।
৫। ——— ধন-সম্পদের দেবী।
৬। শিব মঙ্গালের ———।
৭। ——— শিবের প্রধান অস্ত্র।
৮। শিবের পূজা করলে ——— ধ্বংস হয়।
৯। সকল শক্তির মিলিত রূপ ———।
১০। দেবী দুর্গার ——— হাত।
১১। দুর্গাপূজায় ——— পাঠ করা হয়।

**উত্তরমালা :** ১। সাকার; ২। ঈশ্বরের; ৩। দুর্গা; ৪। বিদ্যার; ৫। লক্ষ্মী; ৬। দেবতা; ৭। ত্রিশূল; ৮। অশুভ; ৯। দুর্গা; ১০। দশ; ১১। শ্রীশ্রীচণ্ডী।

### বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

**ক নিচের প্রশ্নগুলোর উত্তর বল।**

**প্রশ্ন ১। শক্তির দেবীর নাম কী?**
**উত্তর :** দুর্গা।

**প্রশ্ন ২। কেউ বাড়ির বাইরে গেলে দুর্গা দেবীকে স্মরণ করে কী বলা হয়?**
**উত্তর :** দুর্গা দুর্গা।

**প্রশ্ন ৩। দুর্গাপূজায় কোন গ্রন্থ পাঠ করা হয়?**
**উত্তর :** শ্রীশ্রীচণ্ডী।

**প্রশ্ন ৪। ঈশ্বর যে রূপে সৃষ্টি করেন, তাঁর নাম কী?**
**উত্তর :** ব্রহ্মা।

**প্রশ্ন ৫। ঈশ্বর যে রূপে পালন করেন, তাঁর নাম কী?**
**উত্তর :** বিষ্ণু।

**প্রশ্ন ৬। বিদ্যার দেবী কে?**
**উত্তর :** সরস্বতী।

**প্রশ্ন ৭। ধন-সম্পদের দেবী কে?**
**উত্তর :** লক্ষ্মী।

### পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

**ক নিচের প্রশ্নগুলো মনোযোগ সহকারে পড়ে সঠিক উত্তরটি শনাক্ত কর।**

১। **ঈশ্বরের কোনো গুণ বা শক্তি আকার পেলে তাকে কী বলে?**
ⓚ দেব-দেবী ⓚ ভগবান
ⓖ মানুষ ⓖ ঋষি
**উত্তর :** (ক) দেব-দেবী।

২। **সরস্বতী কীসের দেবী?**
ⓚ বিদ্যা ⓚ ধনসম্পদ
ⓖ শক্তি ⓖ ভক্তি
**উত্তর :** (ক) বিদ্যা।

৩। **ত্রিশূল কার প্রধান অস্ত্র?**
ⓚ ব্রহ্মা ⓚ বিষ্ণু
ⓖ শিব ⓖ নারায়ণ
**উত্তর :** (গ) শিব।

৪। **দুর্গাপূজায় কী পাঠ করা হয়?**
ⓚ গীতা ⓚ শ্রীশ্রীচণ্ডী
ⓖ বেদ ⓖ উপনিষদ
**উত্তর :** (খ) শ্রীশ্রীচণ্ডী।

**খ নিচের প্রশ্নগুলো পড়ে সংক্ষেপে উত্তর দাও।**

**প্রশ্ন ১। দেব-দেবী কারা?**
**উত্তর :** নিরাকার ঈশ্বরের সাকার রূপকে দেব-দেবী বলে। যেমন– শিব, দুর্গা, গণেশ, সরস্বতী।

**প্রশ্ন ২। ঈশ্বর কোন রূপে সৃষ্টিকর্তা, কোন রূপে পালনকর্তা কোন রূপে ধ্বংসকর্তা?**
**উত্তর :** ঈশ্বর ব্রহ্মা রূপে সৃষ্টিকর্তা, বিষ্ণু রূপে পালনকর্তা এবং শিব রূপে ধ্বংসকর্তা।

**প্রশ্ন ৩। শিব চতুর্দশী কী?**
**উত্তর :** ফাল্গুন মাসের কৃষ্ণপক্ষের চতুর্দশী তিথিতে শিবপূজা হয়। এই তিথিকে শিব চতুর্দশী বলে।

**প্রশ্ন ৪। দেবী দুর্গার আর কী কী নাম আছে?**
**উত্তর :** দেবী দুর্গার অন্যান্য নাম হলো– মহামায়া, ভগবতী, চণ্ডী কালী ইত্যাদি

**লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি**

**ক নিচের এলোমেলো শব্দগুলো সাজিয়ে সঠিক শব্দটি লেখ।**

প্রশ্ন ১। | শূ | ত্রি | ল |

উত্তর : ত্রিশূল।

প্রশ্ন ২। | থ | ভো | না | লা |

উত্তর : ভোলানাথ।

প্রশ্ন ৩। | হি | র | ম | সু | ষা |

উত্তর : মহিষাসুর।

**খ বামপাশের বাক্যাংশের সাথে ডানপাশের বাক্যাংশ মিল করে লেখ।**

| বামপাশ | ডানপাশ |
|---|---|
| ১. শিবের গায়ের রং | মহিষাসুরকে বধ করেন। |
| ২. দুর্গার গায়ের রং | ধ্বংস করে জগতের ভারসাম্য রক্ষা করেন। |
| ৩. শিবের বাহন হচ্ছে | রাজহাঁস। |
| ৪. দুর্গার বাহন হচ্ছে | অতসী ফুলের মতো। |
| ৫. দেবী দুর্গা | তুষারের মতো সাদা। |
| | ষাঁড়। |
| | সিংহ। |

**উত্তরমালা :**

১. শিবের গায়ের রং **তুষারের মতো সাদা।**

২. দুর্গার গায়ের রং **অতসী ফুলের মতো।**

৩. শিবের বাহন হচ্ছে **ষাঁড়।**

৪. দুর্গার বাহন হচ্ছে **সিংহ।**

৫. দেবী দুর্গা **মহিষাসুরকে বধ করেন।**

**গ নিচের বর্ণনামূলক প্রশ্নগুলোর উত্তর লেখ।**

**প্রশ্ন ১। দুর্গাপূজায় কোন ধর্মগ্রন্থ পাঠ করা হয়। দুর্গার প্রণাম মন্ত্রটি লেখ।**

**উত্তর :** দুর্গাপূজায় শ্রীশ্রীচণ্ডী পাঠ করা হয়। দুর্গার প্রণাম মন্ত্রটি হলো : সর্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্বার্থসাধিকে।
শরণ্যে ত্র্যম্বকে গৌরি নারায়ণি নমোহস্তু তে।

**প্রশ্ন ২। বাসন্তীপূজা কী? দুর্গার প্রণাম মন্ত্রটির বাংলা অর্থ লেখ।**

**উত্তর :** বসন্তকালে যে দুর্গাপূজা হয় তাকে বাসন্তীপূজা বলে।
দুর্গার প্রণাম মন্ত্রটির বাংলা অর্থ :
হে সর্বমঙ্গলদায়িনী, কল্যাণময়ী, সর্বার্থপ্রদানকারিণী, আশ্রয়-স্বরূপিণী, ত্রিনয়না, গৌরী, নারায়ণী তোমাকে নমস্কার।

**প্রশ্ন ৩। শিব চতুর্দশী কী? শিবের প্রণাম মন্ত্রটি লেখ।**

**উত্তর :** ফাল্গুন মাসের কৃষ্ণপক্ষের চতুর্দশী তিথিতে শিব পূজা করা হয়। এই তিথিকে শিবচতুর্দশী বলা হয়। শিবের প্রণাম মন্ত্রটি হলো—
নমঃ শিবায় শান্তায় কারণত্রয়হেতবে
নিবেদয়ামি চাত্মানং ত্বং গতিঃ পরমেশ্বর॥

**প্রশ্ন ৪। শিবরাত্রি কী? শিবের প্রণাম মন্ত্রটির বাংলা অর্থ লেখ।**

**উত্তর :** শিবচতুর্দশীর রাত্রিকে শিবরাত্রি বলা হয়। শিবের প্রণাম মন্ত্রটির বাংলা অর্থ :
তিন কারণের (সৃষ্টি, স্থিতি ও বিনাশের) হেতু শান্ত শিবকে নমস্কার। হে পরমেশ্বর, তুমিই গতি। তোমার কাছে নিজেকে সমর্পণ করি।

# তৃতীয় পরিচ্ছেদ : পূজা-পার্বণ ও ধর্মীয় উৎসব

## পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি (একক ও দলীয় কাজ) — বুঝে পড়ি ও ভালোভাবে শিখে নিই

**কাজ ১** তুমি অংশ নিয়েছো এমন কয়েকটি পূজার নাম লেখো। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৪৭

১.
২.
৩.
৪.

**উত্তর :** আমি অংশ নিয়েছি এমন কয়েকটি পূজার নাম নিচে উপস্থাপন করা হলো :

১. দুর্গাপূজা
২. সরস্বতী পূজা
৩. লক্ষ্মী পূজা
৪. কালী পূজা

**কাজ ২** যাচাই করি ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৪৯

দুর্গা, দোলযাত্রা, লক্ষ্মী, সরস্বতী, রথযাত্রা, জন্মাষ্টমী, গণেশ, চৈত্রসংক্রান্তি, পৌষসংক্রান্তি, কার্তিক

**উপরের শব্দগুলো নির্দিষ্ট ঘরে বসাও :**

| পূজা | পার্বণ |
|---|---|
| | |

**উত্তর :** উপরের শব্দগুলো নির্দিষ্ট ঘরে বসানো হলো :

| পূজা | পার্বণ |
|---|---|
| দুর্গা | দোলযাত্রা |
| লক্ষ্মী | রথযাত্রা |
| সরস্বতী | চৈত্রসংক্রান্তি |
| জন্মাষ্টমী | পৌষসংক্রান্তি |
| গণেশ | |
| কার্তিক | |

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ — সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**ক** নিচের বাক্যগুলো শুনে সত্য/মিথ্যা নির্ণয় কর।

১। দেব-দেবী অসন্তুষ্ট হলে ঈশ্বর সন্তুষ্ট হন।
২। পূজার সময় পবিত্র মনে মন্ত্র পাঠ করতে হয়।
৩। পার্বণ শব্দের অর্থ হলো উৎসব।
৪। নিজের মঙ্গলের জন্য প্রার্থনা করা হয়।
৫। দোলযাত্রা একটি পূজা।
৬। মন্দির বা ঘর সাজানো পূজা-পার্বণের একটি অঙ্গ।

**উত্তরমালা :** ১। মিথ্যা; ২। সত্য; ৩। সত্য; ৪। মিথ্যা; ৫। মিথ্যা; ৬। সত্য।

**খ** নিচের অসম্পূর্ণ বাক্যগুলো শুনে শূন্যস্থানের জন্য সঠিক শব্দটি নির্ণয় কর।

১। ঈশ্বরের বিভিন্ন রূপ হচ্ছে ———।
২। দেব-দেবী সন্তুষ্ট হলে ——— সন্তুষ্ট হন।
৩। ——— শব্দের অর্থ প্রশংসা করা বা শ্রদ্ধা করা।
৪। পূজার সময় পবিত্র মনে ———পাঠ করতে হয়।
৫। পূজা শেষে দেবতাকে ——— করতে হয়।
৬। ——— শব্দের অর্থ হলো পর্ব বা উৎসব।
৭। আনন্দের মধ্য দিয়ে বিভিন্ন ——— পালিত হয়।
৮। সকলের অংশগ্রহণে ধর্মীয় উৎসব রূপ লাভ করে ——— উৎসবে।

**উত্তরমালা :** ১। দেব-দেবী; ২। ঈশ্বর; ৩। পূজা; ৪। মন্ত্র; ৫। প্রণাম; ৬। পার্বণ; ৭। পার্বণ; ৮। সর্বজনীন।

### বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

**ক** নিচের প্রশ্নগুলোর উত্তর বল।

**প্রশ্ন ১। পূজা শব্দের অর্থ কী?**
**উত্তর :** প্রশংসা বা শ্রদ্ধা করা।

**প্রশ্ন ২। দেব-দেবীর কী তৈরি করে পূজা করা হয়?**
**উত্তর :** প্রতীমা।

**প্রশ্ন ৩। পূজা শেষে দেবতাকে কী করতে হয়?**
**উত্তর :** প্রণাম।

**প্রশ্ন ৪। পার্বণ শব্দের অর্থ কী?**
**উত্তর :** পর্ব বা উৎসব।

**প্রশ্ন ৫। ঈশ্বরের বিভিন্ন প্রতীক বা রূপ কারা?**
**উত্তর :** দেব-দেবী।

**প্রশ্ন ৬। দেব-দেবী সন্তুষ্ট হলে কে সন্তুষ্ট হন?**
**উত্তর :** ঈশ্বর।

**প্রশ্ন ৭। সকলে মিলে পূজা করলে পূজা কী হয়ে উঠে?**
**উত্তর :** উৎসবমুখর।

### পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

**ক** নিচের প্রশ্নগুলো মনোযোগ সহকারে পড়ে সঠিক উত্তরটি শনাক্ত কর।

**১। ঈশ্বরের বিভিন্ন প্রতীক বা রূপকে কী বলা হয়?**
ⓚ পরমেশ্বর ⓛ স্রষ্টা
ⓖ ব্রহ্ম ⓘ দেব-দেবী
**উত্তর :** (ঘ) দেব-দেবী।

**২। দেব-দেবীর পূজা করলে কার পূজা করা হয়?**
ক ঈশ্বরের খ সৃষ্টির
গ জীবের ঘ প্রকৃতির
**উত্তর :** (ক) ঈশ্বরের।

**৩। পূজা শব্দের অর্থ কী?**
ক প্রশংসা করা খ ভক্তি করা
গ সম্মান করা ঘ ধ্যান করা
**উত্তর :** (ক) প্রশংসা করা।

**৪। দেব-দেবীর স্তুতি করাকে কী বলে?**
ক ভক্তি খ উপাসনা
গ পূজা ঘ প্রার্থনা
**উত্তর :** (গ) পূজা।

**৫। পার্বণ শব্দের অর্থ কী?**
ক উৎসব খ প্রশংসা করা
গ সাজসজ্জা ঘ অনুষ্ঠান
**উত্তর :** (ক) উৎসব।

**৬। যে উৎসবগুলো পূজাকে আনন্দময় করে তোলে তাকে কী বলে?**
ক পৌষসংক্রান্তি খ নববর্ষ
গ চৈত্রসংক্রান্তি ঘ পার্বণ
**উত্তর :** (ঘ) পার্বণ।

**খ** নিচের প্রশ্নগুলো পড়ে সংক্ষেপে উত্তর দাও।

**প্রশ্ন ১। পূজা ও পার্বণ কী?**
**উত্তর :** পূজা বলতে বোঝায় দেব-দেবীর স্তুতি করা, আরাধনা ও অর্চনা করা। যে উৎসবগুলো পূজাকে আনন্দময় করে তোলে তাকে পার্বণ বলে।

**প্রশ্ন ২। কয়েকটি পূজা ও পার্বণের নাম বল।**
**উত্তর :** কয়েকটি পূজার নাম হলো– দুর্গাপূজা, লক্ষ্মীপূজা, সরস্বতী পূজা, গণেশ পূজা। কয়েকটি পার্বণের নাম হলো– দোলযাত্রা, রথযাত্রা, চৈত্রসংক্রান্তি।

**প্রশ্ন ৩। জগন্নাথ দেবের রথযাত্রায় রথের ভেতরে কাদের মূর্তি থাকে?**
**উত্তর :** জগন্নাথ দেবের রথযাত্রায় রথের ভেতরে জগন্নাথ, বলরাম ও সুভদ্রার মূর্তি থাকে।

**লেখা** নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

**ক** নিচের এলোমেলো শব্দগুলো সাজিয়ে সঠিক শব্দটি লেখ।

প্রশ্ন ১।

| | | |
|---|---|---|
| র | আ | তি |

**উত্তর :** আরতি।

প্রশ্ন ২।

| | | | |
|---|---|---|---|
| র | ল | ক | তা |

**উত্তর :** করতাল।

**খ** বামপাশের বাক্যাংশের সাথে ডানপাশের বাক্যাংশ মিল করে লেখ।

| বামপাশ | ডানপাশ |
|---|---|
| ১. ঈশ্বরের বিভিন্ন রূপ হচ্ছে | ঈশ্বর সন্তুষ্ট হন। |
| ২. দেব-দেবীরা সন্তুষ্ট হলে | দেব-দেবীর পূজা করা হয়। |
| ৩. নানা উপকরণ দিয়ে | দেবতাকে প্রণাম করতে হয়। |
| ৪. পূজা শেষে | দেব-দেবী। |
| ৫. সকলে মিলে পূজা করলে | আমাদের ধন-সম্পদ বাড়ে। |
| | অনেক অর্থের প্রয়োজন হয়। |
| | পূজা হয়ে উঠে উৎসবমুখর। |

**উত্তরমালা :**

১. ঈশ্বরের বিভিন্ন রূপ হচ্ছে দেব-দেবী।
২. দেব-দেবীরা সন্তুষ্ট হলে ঈশ্বর সন্তুষ্ট হন।
৩. নানা উপকরণ দিয়ে দেব-দেবীর পূজা করা হয়।
৪. পূজা শেষে দেবতাকে প্রণাম করতে হয়।
৫. সকলে মিলে পূজা করলে পূজা হয়ে উঠে উৎসবমুখর।

**গ** নিচের বর্ণনামূলক প্রশ্নগুলোর উত্তর লেখ।

**প্রশ্ন ১। পার্বণ কাকে বলে? ছয়টি পার্বণের নাম লেখ।**

**উত্তর :** যে উৎসবগুলো পূজাকে আনন্দময় করে তোলে তাকে পার্বণ বলে। ছয়টি পার্বণের নাম হলো : ১. নববর্ষ, ২. পৌষসংক্রান্তি, ৩. চৈত্রসংক্রান্তি, ৪. নবান্ন, ৫. দোলযাত্রা, ৬. বিজয়া দশমী।

**প্রশ্ন ২। আমরা কার পূজা করি? পূজা-পার্বণের অঙ্গের মধ্যে রয়েছে এমন পাঁচটি বাক্য লেখ।**

**উত্তর :** আমরা দেব-দেবীর পূজা করি। পূজা-পার্বণের অঙ্গের মধ্যে রয়েছে : ১ দেব-দেবীর প্রতিমা নির্মাণ, ২. মন্দির বা ঘর সাজানো, ৩. বিভিন্ন ধরনের বাদ্যের আয়োজন, ৪. সকলের সাথে ভাববিনিময় ৫. আনন্দমূলক অনুষ্ঠানের আয়োজন করা।

## চতুর্থ পরিচ্ছেদ : অন্য ধর্মাবলম্বীদের ধর্মগ্রন্থ

### পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি (একক ও দলীয় কাজ) বুঝে পড়ি ও ভালোভাবে শিখে নিই

**কাজ ১** তোমার ঘরে যে যে ধর্মগ্রন্থ আছে তার নাম লেখো। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৫০

..................................................................
..................................................................
..................................................................
..................................................................

**উত্তর :** আমার ঘরে যে যে ধর্মগ্রন্থ আছে তার নাম নিচে উল্লেখ করা হলো :

বেদ, উপনিষদ, রামায়ণ, মহাভারত, শ্রীমদ্ভগবদ্গীতা, পুরাণ ও শ্রীশ্রীচণ্ডী।

**কাজ ২** খালিঘর পূরণ কর। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৫১

| | |
|---|---|
| কুরআন | |
| ত্রিপিটক | |
| বেদ | হিন্দুধর্মের প্রধান ধর্মগ্রন্থ |
| বাইবেল | |

**উত্তর :**

| | |
|---|---|
| কুরআন | ইসলাম ধর্মাবলম্বীদের প্রধান ধর্মগ্রন্থ |
| ত্রিপিটক | বৌদ্ধদের প্রধান ধর্মগ্রন্থ |
| বেদ | হিন্দুধর্মের প্রধান ধর্মগ্রন্থ |
| বাইবেল | খ্রিস্ট ধর্মাবলম্বীদের প্রধান ধর্মগ্রন্থ |

**কাজ ৩** নিচের লেখা অনুসারে খালিঘরে বইয়ের প্রচ্ছদ আঁকো। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৫১

| | | |
|---|---|---|
| | | |
| ঈশ্বরের বাণী | গৌতম বুদ্ধের বাণী | আল্লাহর বাণী |

**উত্তর :** শিক্ষার্থী বন্ধুরা, তোমরা নিজেরাই বইয়ের প্রচ্ছদ আঁকার চেষ্টা করবে। তোমাদের আঁকার সুবিধার্থে নিচে বইয়ের প্রচ্ছদ এঁকে দেখানো হলো :


ঈশ্বরের বাণী


গৌতম বুদ্ধের বাণী


আল্লাহর বাণী

**কাজ ৪** যাচাই করি ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৫১

১. **আমাদের দেশে কয়টি প্রধান ধর্ম রয়েছে?**
✓ ক. চারটি খ. তিনটি গ. পাঁচটি ঘ. দুটি

২. **কুরআন প্রথম কোন ভাষায় লেখা হয়?**
✓ ক. আরবি খ. বাংলা গ. ইংরেজি ঘ. উর্দু

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ — সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**ক** নিচের বাক্যগুলো শুনে সত্য/মিথ্যা নির্ণয় কর।

১। আমাদের দেশে তিনটি প্রধান ধর্ম রয়েছে।
২। হিন্দু ধর্মাবলম্বীদের প্রধান ধর্মগ্রন্থ গীতা।
৩। ইসলাম ধর্মাবলম্বীদের প্রধান ধর্মগ্রন্থ কুরআন।
৪। বৌদ্ধদের প্রধান ধর্মগ্রন্থের নাম বেদ।
৫। পবিত্র বাইবেল খ্রিস্ট ধর্মাবলম্বীদের প্রধান ধর্মগ্রন্থ।
৬। বাইবেলের প্রথম বইটি পালি ভাষায় রচিত।
৭। সকল ধর্মগ্রন্থই পবিত্র।

**উত্তরমালা :** ১। মিথ্যা; ২। মিথ্যা; ৩। সত্য; ৪। মিথ্যা; ৫। সত্য; ৬। মিথ্যা; ৭। সত্য।

**খ** নিচের অসম্পূর্ণ বাক্যগুলো শুনে শূন্যস্থানের জন্য সঠিক শব্দটি নির্ণয় কর।

১। হিন্দু ধর্মাবলম্বীদের প্রধান ধর্মগ্রন্থ ———।
২। ——— ধর্মাবলম্বীদের প্রধান ধর্মগ্রন্থ কুরআন।
৩। কুরআন প্রথম ——— ভাষায় লেখা হয়।
৪। বৌদ্ধদের প্রধান ধর্মগ্রন্থের নাম ———।
৫। খ্রিস্ট ধর্মাবলম্বীদের প্রধান ধর্মগ্রন্থ ———।
৬। বাইবেল শব্দের অর্থ ——— বা গ্রন্থ।
৭। সকল ধর্মের ধর্মগ্রন্থের প্রতি ——— হওয়া উচিত।

**উত্তরমালা :** ১। বেদ; ২। ইসলাম; ৩। আরবি; ৪। ত্রিপিটক; ৫। বাইবেল; ৬। বই; ৭। শ্রদ্ধাশীল।

### বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

**ক** নিচের প্রশ্নগুলোর উত্তর বল।

**প্রশ্ন ১। আমাদের দেশে কয়টি প্রধান ধর্ম রয়েছে?**
**উত্তর :** চারটি।

**প্রশ্ন ২। প্রত্যেক ধর্মেরই নিজস্ব কী রয়েছে?**
**উত্তর :** ধর্মগ্রন্থ।

**প্রশ্ন ৩। হিন্দু ধর্মাবলম্বীদের প্রধান ধর্মগ্রন্থ কী?**
**উত্তর :** বেদ।

**প্রশ্ন ৪। ইসলাম ধর্মাবলম্বীদের প্রধান ধর্মগ্রন্থ কী?**
**উত্তর :** কুরআন।

**প্রশ্ন ৫। বৌদ্ধদের প্রধান ধর্মগ্রন্থের নাম কী?**
**উত্তর :** ত্রিপিটক।

**প্রশ্ন ৬। খ্রিস্ট ধর্মাবলম্বীদের প্রধান ধর্মগ্রন্থ কী?**
**উত্তর :** বাইবেল।

**প্রশ্ন ৭। বাইবেলের প্রথম বইটি কোন ভাষায় লেখা হয়?**
**উত্তর :** হিব্রু।

### পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

**ক** নিচের প্রশ্নগুলো মনোযোগ সহকারে পড়ে সঠিক উত্তরটি শনাক্ত কর।

**১। ইসলাম ধর্মাবলম্বীদের প্রধান ধর্মগ্রন্থের নাম কী?**
ⓚ বেদ ⓚ কুরআন
(ক) বেদ (খ) কুরআন
(গ) বাইবেল (ঘ) ত্রিপিটক
**উত্তর :** (খ) কুরআন।

**২। বৌদ্ধদের প্রধান ধর্মগ্রন্থের নাম কী?**
(ক) বেদ (খ) বাইবেল
(গ) কুরআন (ঘ) ত্রিপিটক
**উত্তর :** (ঘ) ত্রিপিটক।

**৩। ত্রিপিটক কোন ভাষায় রচিত?**
(ক) পালি (খ) সংস্কৃত
(গ) ফারসি (ঘ) বাংলা
**উত্তর :** (ক) পালি।

**৪। খ্রিস্টানদের প্রধান ধর্মগ্রন্থের নাম কী?**
(ক) বেদ (খ) বাইবেল
(গ) ত্রিপিটক (ঘ) কুরআন
**উত্তর :** (খ) বাইবেল।

**৫। বাইবেলের প্রথম বইটি কোন ভাষায় লেখা?**
(ক) পালি (খ) আরবি
(গ) হিব্রু (ঘ) ফারসি
**উত্তর :** (গ) হিব্রু।

**খ** নিচের প্রশ্নগুলো পড়ে সংক্ষেপে উত্তর দাও।

**প্রশ্ন ১। হিন্দু ধর্মাবলম্বীদের প্রধান ধর্মগ্রন্থের নাম কী?**
**উত্তর :** হিন্দু ধর্মাবলম্বীদের প্রধান ধর্মগ্রন্থের নাম বেদ।

**প্রশ্ন ২। ইসলাম ধর্মাবলম্বীদের প্রধান ধর্মগ্রন্থের নাম কী?**
**উত্তর :** ইসলাম ধর্মাবলম্বীদের প্রধান ধর্মগ্রন্থের নাম কুরআন।

**প্রশ্ন ৩। পবিত্র কুরআন গ্রন্থে কার বাণী সংকলিত হয়েছে?**
**উত্তর :** পবিত্র কুরআন গ্রন্থে আল্লাহর বাণী সংকলিত হয়েছে।

**প্রশ্ন ৪। কুরআন প্রথম কোন ভাষায় লেখা হয়?**
**উত্তর :** কুরআন প্রথম আরবি ভাষায় লেখা হয়।

**প্রশ্ন ৫। বৌদ্ধদের প্রধান ধর্মগ্রন্থের নাম লেখ।**
**উত্তর :** বৌদ্ধদের প্রধাম ধর্মগ্রন্থের নাম ত্রিপিটক।

**প্রশ্ন ৬। ত্রিপিটক কয়টি পিটক বা গ্রন্থে সংকলিত হয়েছে ও কী কী?**
**উত্তর :** ত্রিপিটক তিনটি পিটক বা গ্রন্থে সংকলিত হয়েছে। তিনটি পিটক হলো– ১. সূত্র পিটক; ২. বিনয় পিটক ও ৩. অভিধর্ম পিটক।

**প্রশ্ন ৭। বাইবেল শব্দের অর্থ কী?**
**উত্তর :** বাইবেল শব্দের অর্থ বই বা গ্রন্থ।

**লেখা** নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

**ক** নিচের এলোমেলো শব্দগুলো সাজিয়ে সঠিক শব্দটি লেখ।

প্রশ্ন ১।

| বি | ত্র | প |
|---|---|---|

উত্তর : পবিত্র।

প্রশ্ন ২।

| র | ন | কু | আ |
|---|---|---|---|

উত্তর : কুরআন।

**খ** বামপাশের বাক্যাংশের সাথে ডানপাশের বাক্যাংশ মিল করে লেখ।

| বামপাশ | ডানপাশ |
|---|---|
| ১. প্রত্যেক ধর্মেরই | প্রধান ধর্মগ্রন্থ কুরআন। |
| ২. ইসলাম ধর্মাবলম্বীদের | প্রধান ধর্মগ্রন্থ বেদ। |
| ৩. বৌদ্ধদের | প্রধান ধর্মগ্রন্থ বাইবেল। |
| ৪. হিন্দু ধর্মাবলম্বীদের | নিজস্ব ভাষা রয়েছে। |
| ৫. খ্রিস্ট ধর্মাবলম্বীদের | নিজস্ব ধর্মগ্রন্থ রয়েছে। |
| | প্রধান ধর্মগ্রন্থ ত্রিপিটক। |
| | প্রধান ধর্মগ্রন্থ রামায়ণ। |

**উত্তরমালা :**

১. প্রত্যেক ধর্মেরই **নিজস্ব ধর্মগ্রন্থ রয়েছে।**
২. ইসলাম ধর্মাবলম্বীদের **প্রধান ধর্মগ্রন্থ কুরআন।**
৩. বৌদ্ধদের **প্রধান ধর্মগ্রন্থ ত্রিপিটক।**
৪. হিন্দু ধর্মাবলম্বীদের **প্রধান ধর্মগ্রন্থ বেদ।**
৫. খ্রিস্ট ধর্মাবলম্বীদের **প্রধান ধর্মগ্রন্থ বাইবেল।**

**গ** নিচের বর্ণনামূলক প্রশ্নগুলোর উত্তর লেখ।

**প্রশ্ন ১। আমাদের দেশে কয়টি প্রধান ধর্ম রয়েছে? পবিত্র কুরআন সম্পর্কে তিনটি বাক্য লেখ।**

**উত্তর :** আমাদের দেশে চারটি প্রধান ধর্ম রয়েছে। পবিত্র কুরআন সম্পর্কে চারটি বাক্য হলো–

১. ইসলাম ধর্মাবলম্বীদের প্রধান ধর্মগ্রন্থ পবিত্র কুরআন।
২. আল্লাহর বাণী পবিত্র কুরআন গ্রন্থে সংকলিত হয়েছে।
৩. পবিত্র কুরআন প্রথমে আরবি ভাষায় লেখা হয়।

**প্রশ্ন ২। বিভিন্ন ধর্মের প্রধান ধর্মগ্রন্থগুলো কী কী?**

**উত্তর :** হিন্দুধর্মের প্রধান ধর্মগ্রন্থ বেদ, ইসলাম ধর্মাবলম্বীদের প্রধান ধর্মগ্রন্থ কুরআন, বৌদ্ধদের প্রধান ধর্মগ্রন্থ ত্রিপিটক এবং খ্রিস্ট ধর্মাবলম্বীদের প্রধান ধর্মগ্রন্থ বাইবেল।

## পঞ্চম পরিচ্ছেদ : শান্তিপূর্ণ সহাবস্থান

### পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি (একক ও দলীয় কাজ) বুঝে পড়ি ও ভালোভাবে শিখে নিই

**কাজ ১** অন্য ধর্মাবলম্বী তোমার প্রিয় তিনজন বন্ধুর নাম লেখো। কেন তাদেরকে পছন্দ করো তা লেখো।

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৫২

| বন্ধু | পছন্দ করার কারণ |
|---|---|
| | |
| | |
| | |
| | |
| | |
| | |

**উত্তর :** অন্য ধর্মাবলম্বী আমার প্রিয় তিনজন বন্ধুর নাম লিখে কেন তাদেরকে পছন্দ করি তা নিচে বর্ণনা করা হলো :

| বন্ধু | পছন্দ করার কারণ |
|---|---|
| মোহাম্মদ আরাফাত | অন্য ধর্মের প্রতি শ্রদ্ধাশীল। পরনিন্দা করে না। ওদের সব অনুষ্ঠানে আমাকে নিমন্ত্রণ করে। |
| টমাস ডিকস্তা | সে সুন্দর করে কথা বলে। পরোপকারী এবং কোনো কাজে ভেদাভেদ করে না। |
| সিদ্ধার্থ বড়ুয়া | সে সবার সাথে ভালো ব্যবহার করে। খেলাধুলায় আমাকে সাথে নেয়। |

**কাজ ২** অন্য ধর্মের ধর্মীয় অনুষ্ঠানে যোগ দেওয়ার বিষয়টি দলগত/জোড়ায় অভিনয় করে দেখাও।

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৫৫

**উত্তর :** অন্য ধর্মের অনুষ্ঠানে যোগ দেওয়ার বিষয়টি জোড়ায় অভিনয় করে দেখানো হলো–

**দ্বীপন সাহা (হিন্দু বন্ধু) :** আরে রুবেল, তুই হঠাৎ আমাদের বাড়ি।

**মেহেদী (মুসলিম বন্ধু) :** তুই তো জানিস আগামীকাল আমাদের ঈদ। আমি তোকে দাওয়াত দিতে এসেছি।

**দ্বীপন সাহা :** তাই! এটাতো খুবই আনন্দের খবর।

**মেহেদী :** (ঈদ কার্ড দেখিয়ে) এই কার্ডটা আমি নিজে তোর জন্য তৈরি করেছি।

**দ্বীপন সাহা :** বাহ! খুব সুন্দর হয়েছে। ধন্যবাদ বন্ধু।

**মেহেদী :** তুই না আসলে কিন্তু আমি খুব কষ্ট পাব।

**দ্বীপন সাহা :** তোর কার্ডের সময় মেনে আমি ঈদগাহে ঠিক পৌঁছে যাব।

**মেহেদী :** নামায পড়া শেষ হলে তোকে নিয়ে একসাথে আমাদের বাসায় যাব। (একটু স্থান পরিবর্তন করে মেহেদীসহ সব বন্ধুরা সিজদা দিচ্ছে এমন দৃশ্য)

**দ্বীপন সাহা :** কী সুন্দর দৃশ্য! এত মানুষ একসাথে নামায পড়ছে। খুব ভালো লাগছে দেখতে। (মাঠ থেকে মেহেদীসহ বন্ধুরা দ্বীপন সাহার কাছে এসে কোলাকুলি করবে এবং একে অপরকে ঈদ মোবারক বলবে)

**মেহেদী :** চল সবাই মিলে আমাড়ের বাড়ি। (স্থান পরিবর্তন করে খাবার টেবিলে)

**দ্বীপন সাহা :** খিচুড়ি, বিরিয়ানি, মাংস, রোস্ট, ডিমের কোর্মা, মিষ্টান্ন এত আইটেম!

**মেহেদী :** হু। সবার পছন্দের কথা মাথায় রেখে মা, দাদি সেই কোন ভোরবেলা থেকে রান্না শুরু করেছেন।

**দ্বীপন সাহা :** সুস্বাদু রান্না। ধন্যবাদ সবাইকে।

**কাজ ৩** তোমার বন্ধুদের শুভেচ্ছা জানিয়ে ঈদ/বুদ্ধপূর্ণিমা/বড়দিনের একটি শুভেচ্ছা বার্তা লেখো। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৫৬

প্রিয় ...............

..................... শুভেচ্ছা জানাই।

.....................................................................

.....................................................................

ইতি

.....................

**উত্তর :** আমার নাম অলয় দে। আমি তৃতীয় শ্রেণিতে পড়ি। আমার বন্ধুর নাম মাহাদি। তাকে ঈদের শুভেচ্ছা জানিয়ে একটি শুভেচ্ছা বার্তা লেখা হলো :

প্রিয় বন্ধু মাহাদি,

তোমাকে পবিত্র ঈদের প্রাণঢালা শুভেচ্ছা জানাই। আশা করি এ বছরের ঈদ তোমার ও তোমার পরিবারের জন্য হবে আনন্দময়। ঈদ মোবারক।

ইতি

তোমার বন্ধু অলয়

**কাজ ৪** যাচাই করি : সঠিক বাক্য লেখো। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৫৬

| |
|---|
| প্রত্যেক ধর্মের মানুষ ধর্মীয় উৎসব পালন করে না। |
| |

| |
|---|
| বৌদ্ধ ধর্মাবলম্বীদের একমাত্র ধর্মীয় উৎসব বুদ্ধপূর্ণিমা। |
| |

| |
|---|
| ঈদের দিনে মুসলমানরা দলবেঁধে ঈদগাহে নামাজ পড়তে যায় না। |
| |

| |
|---|
| খ্রিস্ট ধর্মাবলম্বীরা প্রতিবছর ২৫ ডিসেম্বর 'ইস্টার সান ডে' হিসেবে পালন করে। |
| |

| |
|---|
| এদেশের মানুষ শুধু নিজ ধর্মের প্রতি শ্রদ্ধাশীল। |
| |

| |
|---|
| সকল ধর্মের মূল লক্ষ্য হচ্ছে মানব কল্যাণ ও শান্তিপূর্ণ সহাবস্থান নয়। |
| |

**উত্তর :**

| |
|---|
| প্রত্যেক ধর্মের মানুষ ধর্মীয় উৎসব পালন করে না। |
| প্রত্যেক ধর্মের মানুষ ধর্মীয় উৎসব পালন করে। |

| |
|---|
| বৌদ্ধ ধর্মাবলম্বীদের একমাত্র ধর্মীয় উৎসব বুদ্ধপূর্ণিমা। |
| বৌদ্ধ ধর্মাবলম্বীদের প্রধান ধর্মীয় উৎসব বুদ্ধপূর্ণিমা। |

| |
|---|
| ঈদের দিনে মুসলমানরা দলবেঁধে ঈদগাহে নামাজ পড়তে যায় না। |
| ঈদের দিনে মুসলমানরা দলবেঁধে ঈদগাহে নামাজ পড়তে যায়। |

| |
|---|
| খ্রিস্ট ধর্মাবলম্বীরা প্রতিবছর ২৫ ডিসেম্বর 'ইস্টার সান ডে' হিসেবে পালন করে। |
| খ্রিস্ট ধর্মাবলম্বীরা প্রতিবছর ২৫ ডিসেম্বর বড়দিন হিসেবে পালন করে। |

| |
|---|
| এদেশের মানুষ শুধু নিজ ধর্মের প্রতি শ্রদ্ধাশীল। |
| এদেশের মানুষ নিজ ধর্ম ও অন্য ধর্মের প্রতি শ্রদ্ধাশীল। |

| |
|---|
| সকল ধর্মের মূল লক্ষ্য হচ্ছে মানব কল্যাণ ও শান্তিপূর্ণ সহাবস্থান নয়। |
| সকল ধর্মের মূল লক্ষ্য হচ্ছে মানব কল্যাণ ও শান্তিপূর্ণ সহাবস্থান। |

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**ক** নিচের বাক্যগুলো শুনে সত্য/মিথ্যা নির্ণয় কর।

১। ইসলাম ধর্মাবলম্বীদের প্রধান ধর্মীয় উৎসব ঈদ।
২। ঈদের দিনে মুসলমানরা দলবেঁধে শুধু ঈদগাহে নামাজ পড়তে যায়।
৩। বৌদ্ধ ধর্মাবলম্বীদের প্রধান ধর্মীয় উৎসব বুদ্ধপূর্ণিমা।
৪। যিশু খ্রিস্টের জন্মদিন উপলক্ষে বুদ্ধপূর্ণিমা পালন করা হয়।
৫। খ্রিস্ট ধর্মাবলম্বীদের প্রধান ধর্মীয় উৎসব বড়দিন।
৬। সাম্প্রদায়িক সম্প্রীতির দেশ বাংলাদেশ।
৭। অনেক শিক্ষা প্রতিষ্ঠানে লক্ষ্মীপূজা হয়।

## সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

৮। সকল ধর্মের মূল লক্ষ্য হচ্ছে নিজের কল্যাণ ও শান্তিপূর্ণ সহাবস্থান।

**উত্তরমালা :** ১। সত্য; ২। মিথ্যা; ৩। সত্য; ৪। মিথ্যা; ৫। সত্য; ৬। সত্য; ৭। মিথ্যা; ৮। মিথ্যা।

**খ** নিচের অসম্পূর্ণ বাক্যগুলো শুনে শূন্যস্থানের জন্য সঠিক শব্দটি নির্ণয় কর।

১। প্রত্যেক ধর্মের মানুষই কিছু ——— উৎসব পালন করেন।
২। ——— ধর্মাবলম্বীদের প্রধান ধর্মীয় উৎসব ঈদ।
৩। ঈদের দিন একে অপরকে ——— বলে শুভেচ্ছা জানায়।
৪। বৌদ্ধ ধর্মাবলম্বীদের প্রধান ধর্মীয় উৎসব ———।

৫। ——— ধর্মাবলম্বীদের প্রধান ধর্মীয় উৎসব বড়দিন।
৬। সাম্প্রদায়িক ——— দেশ বাংলাদেশ।
৭। অনেক শিক্ষা প্রতিষ্ঠানে ——— পূজা হয়।

**উত্তরমালা :** ১। ধর্মীয়; ২। ইসলাম; ৩। ঈদ মোবারক; ৪। বুদ্ধপূর্ণিমা; ৫। খ্রিস্ট; ৬। সম্প্রীতির; ৭। সরস্বতী।

## বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

### ক নিচের প্রশ্নগুলোর উত্তর বল।

**প্রশ্ন ১। হিন্দু ধর্মাবলম্বীদের প্রধান ধর্মীয় উৎসবের নাম বল।**
উত্তর : দুর্গাপূজা।

**প্রশ্ন ২। মুসলমানদের প্রধান ধর্মীয় উৎসব কী?**
উত্তর : ঈদ।

**প্রশ্ন ৩। ঈদের সময় একজন আরেকজনকে কী বলে শুভেচ্ছা জানায়?**
উত্তর : ঈদ মোবারক।

**প্রশ্ন ৪। খ্রিস্টানদের প্রধান ধর্মীয় উৎসবের নাম কী?**
উত্তর : বড়দিন।

**প্রশ্ন ৫। বৌদ্ধদের ধর্মীয় উৎসবের নাম কী?**
উত্তর : বুদ্ধপূর্ণিমা।

## পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

### ক নিচের প্রশ্নগুলো মনোযোগ সহকারে পড়ে সঠিক উত্তরটি শনাক্ত কর।

**১। ইসলাম ধর্মাবলম্বীদের প্রধান ধর্মীয় উৎসবের নাম কী?**
ক) ঈদ খ) বড়দিন
গ) দুর্গাপূজা ঘ) বৌদ্ধপূর্ণিমা
উত্তর : (ক) ঈদ।

**২। ঈদের দিন মুসলমানেরা একজন আরেকজনকে কী বলে শুভেচ্ছা জানায়?**
ক) ঈদ মোবারক খ) নমস্কার
গ) শুভ সকাল ঘ) স্বাগতম
উত্তর : (ক) ঈদ মোবারক।

**৩। বৌদ্ধ ধর্মাবলম্বীদের প্রধান ধর্মীয় উৎসবের নাম কী?**
ক) বুদ্ধপূর্ণিমা খ) বড়দিন
গ) মাঘীপূর্ণিমা ঘ) নববর্ষ
উত্তর : (ক) বুদ্ধপূর্ণিমা।

**৪। গৌতম বুদ্ধের জন্মদিন উপলক্ষে যে উৎসব পালন করা হয় তার নাম কী?**
ক) মাঘীপূর্ণিমা খ) দোলযাত্রা
গ) বুদ্ধপূর্ণিমা ঘ) জন্মাষ্টমী
উত্তর : (গ) বুদ্ধপূর্ণিমা।

**৫। খ্রিস্টান ধর্মাবলম্বীদের প্রধান ধর্মীয় উৎসবের নাম কী?**
ক) বুদ্ধপূর্ণিমা খ) বড়দিন
গ) দুর্গাপূজা ঘ) ঈদ-উল-ফিতর
উত্তর : (খ) বড়দিন।

### খ নিচের প্রশ্নগুলো পড়ে সংক্ষেপে উত্তর দাও।

**প্রশ্ন ১। আমাদের দেশে প্রধানত কোন কোন ধর্মের লোক বাস করে?**
উত্তর : আমাদের দেশে প্রধানত হিন্দু, মুসলিম, বৌদ্ধ, খ্রিস্টান এ চার ধর্মের লোক বাস করে।

**প্রশ্ন ২। কীভাবে ঈদে আনন্দ করা হয়?**
উত্তর : ঈদের দিন আত্মীয়-স্বজন, প্রতিবেশী, বন্ধু, শিশু সবাই মিলে ঘুরে বেড়ায়। খাওয়া-দাওয়া করে। এভাবে ঈদে আনন্দ করা যায়।

**প্রশ্ন ৩। দুইটি ঈদ উৎসবের নাম লেখ।**
উত্তর : দুইটি ঈদ উৎসবের নাম হলো— ১. ঈদুল ফিতর; ২. ঈদুল আযহা।

**প্রশ্ন ৪। বড়দিনের উৎসব কেন পালন করা হয়?**
উত্তর : যিশু খ্রিস্টের জন্মদিন উপলক্ষে বড়দিনের উৎসব পালন করা হয়।

**প্রশ্ন ৫। বুদ্ধপূর্ণিমা কী উপলক্ষে পালন করা হয়?**
উত্তর : গৌতম বুদ্ধের জন্মদিন উপলক্ষে বুদ্ধপূর্ণিমা পালন করা হয়।

## লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

### ক নিচের এলোমেলো শব্দগুলো সাজিয়ে সঠিক শব্দটি লেখ।

প্রশ্ন ১।

| | | |
|---|---|---|
| র্থ | না | প্রা |

উত্তর : প্রার্থনা।

প্রশ্ন ২।

| | | | |
|---|---|---|---|
| স | দ | ম | জি |

উত্তর : মসজিদ।

প্রশ্ন ৩।

| | | | | |
|---|---|---|---|---|
| দ্ধ | র্ণি | বু | মা | পূ |

উত্তর : বুদ্ধপূর্ণিমা।

### খ বামপাশের বাক্যাংশের সাথে ডানপাশের বাক্যাংশ মিল করে লেখ।

| বামপাশ | ডানপাশ |
|---|---|
| ১. ইসলাম ধর্মাবলম্বীদের প্রধান | ধর্মীয় উৎসব বড়দিন। |
| ২. বৌদ্ধ ধর্মাবলম্বীদের প্রধান | দুইটি ঈদ উদ্‌যাপন করেন। |
| ৩. খ্রিস্ট ধর্মাবলম্বীদের প্রধান | ধর্মীয় উৎসব ঈদ। |
| ৪. মুসলমানরা বছরে | 'ঈদ মোবারক' বলে শুভেচ্ছা জানানো হয়। |
| ৫. ঈদের দিনে | দুইটি সামাজিক অনুষ্ঠান করেন। |
| | ধর্মীয় উৎসব বুদ্ধপূর্ণিমা। |
| | ধর্মীয় উৎসব দুর্গাপূজা। |

**উত্তরমালা :**
১. ইসলাম ধর্মাবলম্বীদের প্রধান ধর্মীয় উৎসব ঈদ।
২. বৌদ্ধ ধর্মাবলম্বীদের প্রধান ধর্মীয় উৎসব বুদ্ধপূর্ণিমা।
৩. খ্রিস্ট ধর্মাবলম্বীদের প্রধান ধর্মীয় উৎসব বড়দিন।
৪. মুসলমানরা বছরে দুইটি ঈদ উদ্‌যাপন করেন।
৫. ঈদের দিনে 'ঈদ মোবারক' বলে শুভেচ্ছা জানানো হয়।

নিচের বর্ণনামূলক প্রশ্নগুলোর উত্তর লেখ।

**প্রশ্ন ১। ঈদ উৎসবে কী করা হয়? সংক্ষেপে বর্ণনা কর।**

উত্তর : ঈদ উৎসবে একে অপরকে 'ঈদ মোবারক' বলে শুভেচ্ছা জানায়। আত্মীয়-স্বজন, প্রতিবেশী, বন্ধু, শিশু সবাই মিলে ঘুরে বেড়ায়। আনন্দ উপভোগ করি। একে অপরের বাসায় বেড়াতে যায় এবং খাওয়া-দাওয়া করি।

**প্রশ্ন ২। বড়দিন ছাড়াও খ্রিস্ট ধর্মাবলম্বীদের দুইটি উৎসবের নাম লেখ। বড়দিন উপলক্ষে খ্রিস্টধর্মের অনুসারীরা কী করেন?**

উত্তর : বড়দিন ছাড়াও খ্রিস্ট ধর্মাবলম্বীদের দুইটি উৎসব হলো– গুড ফ্রাইডে ও ইস্টার সানডে।

বড়দিন উপলক্ষে খ্রিস্টধর্মের অনুসারীরা গির্জায় প্রার্থনা করেন। একে অপরকে উপহার দেন। সবাই মিলে আনন্দ উপভোগ ও খাওয়া-দাওয়া করেন।

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/অভিভাবকগণ নিচের **'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক'** ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক (✓) চিহ্ন প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

| শিখনযোগ্যতা/ নির্দেশক | প্রারম্ভিক | ভালো | উত্তম |
|---|---|---|---|
| ১। নিজ ধর্মের কয়েকটি ধর্মগ্রন্থের নাম ও ধর্মগ্রন্থ হিসেবে রামায়ণ, মহাভারতের সম্পর্কে বলতে পারা। | | | |
| ২। বিভিন্ন দেব-দেবীর নাম বলতে পারবে, প্রণামমন্ত্রসহ শিব ও দুর্গা সম্বন্ধে বলতে পারা। | | | |
| ৩। পূজা-পার্বণ ও ধর্মীয় উৎসব সম্পর্কে জেনে এসব অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পারা। | | | |
| ৪। অন্য ধর্মাবলম্বীদের ধর্মগ্রন্থ ও ধর্মীয় উৎসব সম্পর্কে জেনে তার প্রতি শ্রদ্ধাশীল হয়ে শান্তিপূর্ণ সহাবস্থান করতে পারা। | | | |

## ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐ **ধারাবাহিক মূল্যায়ন** সময় : ..............

শিক্ষার্থীর নাম : .................................... শ্রেণি : .................................... রোল নম্বর : ☐

১। নিচের শব্দগুলো দিয়ে বাক্য গঠন কর।
ক. ত্রিশূল; খ. শৈব; গ. ব্রহ্মা; ঘ. সরস্বতী

২। নিচের শব্দগুলো নির্দিষ্ট ঘরে বসাও।
দুর্গা, দোলযাত্রা, লক্ষ্মী, রথযাত্রা, পৌষসংক্রান্তি, কার্তিক।

| পূজা | পার্বণ |
|---|---|
| | |
| | |

৩। তোমার বন্ধুদের শুভেচ্ছা জানিয়ে ঈদ/বুদ্ধপূর্ণিমা/ বড়দিনের একটি শুভেচ্ছা বার্তা লেখ।

৪। নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।
ক. রামায়ণে 'সপ্তকান্ড' কী কী?
খ. দেব-দেবী কারা?
গ. জগন্নাথ দেবের রথযাত্রায় রথের ভেতরে কাদের মূর্তি থাকে?

### উত্তরমালা

১ ▸ ক. ত্রিশূল হলো শিবের প্রধান অস্ত্র।
খ. শিবের উপাসকদের শৈব বলা হয়।
গ. ঈশ্বর যে রূপে সৃষ্টি করেন তাঁর নাম ব্রহ্মা
ঘ. ঈশ্বর যে রূপে বিদ্যা দান করেন তাঁর নাম সরস্বতী।

২ ▸

| পূজা | পার্বণ |
|---|---|
| দুর্গা | দোলযাত্রা |
| লক্ষ্মী | রথযাত্রা |
| কার্তিক | পৌষসংক্রান্তি |

৩ ▸ ২৫০ পৃষ্ঠার ৩নং প্রশ্ন ও উত্তর।

৪ ▸ ক. রামায়ণে সপ্তকান্ড হলো– আদি, অযোধ্যা, অরণ্য, কিষ্কিন্ধ্যা, সুন্দর, যুদ্ধ এবং উত্তরকান্ড।
খ. নিরাকার ঈশ্বরের সাকার রূপকে দেব-দেবী বলে। যেমন– শিব, দুর্গা, গণেশ, সরস্বতী।
গ. জগন্নাথ দেবের রথযাত্রায় রথের ভেতরে জগন্নাথ, বলরাম ও সুভদ্রার মূর্তি থাকে।

মূল্যায়ন রিপোর্ট : শিখনের অর্জিত মাত্রা ☐